

## বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক হতে চাইলে আগেই নাম নিবন্ধন করতে হবে সংসদে বিল পাস

যুগান্তর রিপোর্টে

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় শিক্ষকদের মান রক্ষার জন্য শত শত শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ গঠনের বিধান রেখে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন সংস্থা বিল, ২০০৪ গতকাল জাতীয় সংসদে পাস হয়েছে। এই বিলে বলা হয়েছে, বেসরকারি প্রতিষ্ঠানে শিক্ষক হতে চাইলে আগেই নাম নিবন্ধন করতে হবে। নিতে হবে

শিক্ষক : পৃষ্ঠা ২ : কলাম ১

### শিক্ষক : হতে চাইলে

(শেষ পৃষ্ঠার পর)

প্রত্যয়নপত্র।

প্রধান বিদ্রোহী মদ আওয়ামী লীগ বিলটি পাসের সময় সংসদে অনুপস্থিত ছিল।

শিকান্দারী ড. মু. ওসমান ফারুক বিলটি পাসের জন্য স্পিকারের মাধ্যমে অনুমতি চাইলে তা কঠোরভাবে পাস হয়। এর আগে বিলটি জনমত যাচাই ও বাস্তবায়ন কমিটিতে প্রেরণের জন্য কৃষক শ্রমিক জনতা লীগের একমাত্র সংসদ বঙ্গবীর কাদের শিখিড়ীর প্রস্তাব কঠোরভাবে নাকচ হয়ে যায়। তবে বিলটির ওপর আনীত কাদের শিখিড়ীর সংশোধনী প্রস্তাবটি উত্থাপিত হয়নি। কাদের শিখিড়ী অভিযোগ করেন, ওসমান ফারুক তার বক্তব্যকে সহজভাবে নেননি, তাই তিনি সংশোধনী প্রস্তাবগুলো উত্থাপন করবেন না।

এখন থেকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চাকরি পাওয়ার জন্য নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের একটি প্রত্যয়নপত্র দরকার হলেও বর্তমানে পঠিনানে অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে বৈধভাবে নিয়োজিত শিক্ষকদের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবে না।

ওসমান ফারুক বিলটির স্বার্থিতা সম্পর্কে বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মান রক্ষায় কোন সংস্থা না থাকায় শিক্ষকদের যোগ্যতা ও মান রক্ষা করা সম্ভব হচ্ছে না। আবার দেশের শিক্ষা প্রতিষ্ঠানের শতকরা ৯০ ভাগ বেসরকারি। এই সংস্থার মাধ্যমে বেসরকারি শিক্ষকদের মান রক্ষা করা যাবে।

গত বছর ১৩ সেপ্টেম্বর বিলটি জাতীয় সংসদে উত্থাপিত হয়। শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পরীক্ষা-নিরীক্ষার পর তা সংসদে উত্থাপিত হয়।